

নং-৪০.০০.০০০০.০১১.৯৯.০৪২.১৮-৯৮

তারিখ: ০৭ চৈত্র ১৪৩০  
২১ মার্চ ২০২৪

বিষয়: ২৫ মার্চ, ২০২৪ তারিখ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন  
উপলক্ষে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০২৩.০৮ তারিখ: ০৪-০৩-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস-২০২৪ এর নিম্নবর্ণিত কর্মসূচি যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

**কর্মসূচিসমূহ:**

- (ক) ২৫ মার্চ ২০২৪ তারিখ গণহত্যা দিবসে কোনক্রমেই আলোকসজ্জা করা যাবে না;
- (খ) ২৫ মার্চ ২০২৪ তারিখ রাত ১০.০০ থেকে ১০.০১ মিনিট পর্যন্ত ০১ (এক) মিনিট প্রতিকী ব্ল্যাক আউট কর্মসূচি পালন করবে (কেপি আই/জরুরি স্থাপনা ব্যতীত);
- (গ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ আগামী ২৬ মার্চ, ২০২৪ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে বিধিমোতাবেক জাতীয় পতাকা উত্তোলন করবে এবং দপ্তর/সংস্থাসমূহের মাঠ পর্যায়ের অফিসসমূহকে অনুরূপ নির্দেশনা প্রদান করবে;
- (ঘ) ঢাকার বিজয়নগরস্থ শ্রম ভবনে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে;
- (ঙ) ২৬/০৩/২০২৪ তারিখে সন্ধ্যা হতে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ভবনসমূহে আলোকসজ্জা করতে হবে এবং অধীনস্থ মাঠ পর্যায়ের অফিসসমূহকে অনুরূপ নির্দেশনা প্রদান করতে হবে;
- (চ) শ্রমভবনে বৃহদাকার পতাকা উত্তোলন এবং আলোকসজ্জাকরণের ব্যয়ভার শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সমহারে বহন করবে;
- (ছ) জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজিত সংশ্লিষ্ট দিবসের সঙ্গে সজ্জা রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে দপ্তর/সংস্থাসমূহের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ আবশ্যিকভাবে সংশ্লিষ্ট দিবসের কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। এ বিষয়ে দপ্তর/সংস্থাসমূহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে; এবং
- (জ) পবিত্র রমজানে মাসের পবিত্রতা বজায় রেখে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন করতে হবে।

  
২১/০৩/২০২৪  
(মোঃ মোস্তাফিজুর রহমান)

সহকারী সচিব

ফোন: ৯৫১৪০৭৩

ইমেইল: [sasadmin@mole.gov.bd](mailto:sasadmin@mole.gov.bd)

**বিতরণঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১) চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা
- ২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, ঢাকা
- ৩) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ঢাকা
- ৪) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল/বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
- ৫) চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা

নং- ৪০.০০.০০০০.০১১.৯৯.০৪২.১৮-৯৮

তারিখ: ০৭ চৈত্র ১৪৩০  
২১ মার্চ ২০২৪

**অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিবের মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন/শ্রম/উন্নয়ন/আইও) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৬. যুগ্মসচিব (প্রশাসন/শ্রম/উন্নয়ন/আইও) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা

(মোঃ মোস্তাফিজুর রহমান)  
সহকারী সচিব